

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়  
তেজগাঁও, ঢাকা-১২০৮  
[www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

**“ক্যান্টিন ক্যাটারার নিয়োগের জন্য বিজ্ঞপ্তি”**

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরস্বীকৃত বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস), তেজগাঁও, ঢাকা-১২০৮ এর অভ্যন্তরে অবস্থিত আধুনিক রুচিসম্মত উন্নতমানের একটি ক্যান্টিন পরিচালনার জন্য পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন সুপ্রতিষ্ঠিত পরিচালক/মালিকদের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্রের বিষয়ে প্রয়োজনীয় তথ্য ও নিয়মাবলী সিডিউলে উল্লেখ রয়েছে। বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস) এর ক্যাশ শাখা হতে অফিস চলাকালীন সকাল ৯.০০ ঘটিকা হতে বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত নগদ ১,০০০/- (এক হাজার) টাকার বিনিময়ে ০৪-০৯-২০২৪ খ্রিঃ তারিখ থেকে ১৭-০৯-২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত সিডিউল সংগ্রহ করা যাবে।

সীলমোহরকৃত দরপত্র ১৭-০৯-২০২৪ খ্রিঃ তারিখে সকাল ৯.০০ ঘটিকা হতে বেলা ১২.০০ ঘটিকার মধ্যে বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস) এর উপপরিচালক এর অফিস কক্ষের (২য় তলা) সামনে রক্ষিত টেন্ডার বাক্সে সিডিউল ফেলতে হবে। দরপত্র দাখিলকারীগণ/তাদের প্রতিনিধিদের (যদি কেহ উপস্থিত থাকেন) সামনে দরপত্রগুলো ঐ দিনই দুপুর ১২.৩০ ঘটিকায় খোলা হবে। কর্তৃপক্ষ সর্বনিম্ন দরদাতার দরপত্র গ্রহণে বাধ্য নন এবং কোনো কারণ দর্শানো ব্যতিত যে কোনো দরপত্র গ্রহণ/বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

*M. M. 06/09/24*

উপপরিচালক (উপসচিব)

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা-১২০৮